



নকলের জন্য শিক্ষকরাই দায়ী : শিক্ষা প্রতিমন্ত্রী

বরিশাল-প্রতিনিধি : শিক্ষা প্রতিমন্ত্রী আন মএহসানুল হক মিলন বলেছেন, দেশে জন্মশ সন্ত্রাস বাড়ছে এবং নকলের জন্য শিক্ষকরাই দায়ী। গতকাল শুক্রবার দুপুরে বরিশাল জেলা প্রশাসকের সভাকক্ষে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) দিলদার আহমদের সভাপতিত্বে নকলমুক্ত পরিবেশে এসএসসি পরীক্ষা অনুষ্ঠান প্রক্রিয়া সম্পর্কে মতবিনিময় সভায় শিক্ষা প্রতিমন্ত্রী এ কথা বলেন।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, পরীক্ষা শুরু আগেই নকল সরবরাহের জন্য স্কুলের আয়া, দণ্ডরি, পিয়ন, শিক্ষক, দারওয়ান, পুলিশ পর্যন্ত অর্ধের বিনিময়ে চুক্তিবদ্ধ হয়। এ জন্য শিক্ষকদের মধ্যে চলে রীতিমতো প্রতিযোগিতা। টেস্ট-প্রিটেস্টে অর্ধের বিনিময়ে শিক্ষকরা পাস করিয়ে দিয়ে পরীক্ষা দেওয়ার সুযোগ করে দেন। এসব কারণেই নকল এখন জাতীয় মহা উৎসবে পরিণত হয়েছে। অথচ শিক্ষকদের বেতন-ভাতা সুবিধাদি বৃদ্ধি করা ছাড়াও ব্যবস্থা করা হয়েছে অবসরভাতার।